



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/31/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল স্টেট ট্রুপার টমাস জে. কন্সর্টের নাম ব্রিজের নামকরণকারী বিল স্বাক্ষর করেছেন

বিধিমালা (S.7139/A.07643-A) লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ের স্টেট রুট টুয়েন্টি-ফাইভ ওভারপাসের (State Route Twenty-Five Overpass) নাম "ট্রুপার টমাস জে. কন্সর্ট মেমোরিয়াল ব্রিজ (Trooper Thomas J. Consorte Memorial Bridge)" রাখবে

গভর্নর হোকল আজকে বিধিমালা (S.7139/A.07643-A) স্বাক্ষর করেছেন যেখানে স্টেট হাইওয়ে সিস্টেমের একটি অংশকে ট্রুপার টমাস জে. কন্সর্টের বীরোচিত সেবার সম্মানে ট্রুপার টমাস জে. কন্সর্ট মেমোরিয়াল ব্রিজ আখ্যা দেওয়া হবে।

"আমাদের ট্রুপাররা নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে নিজেদের জীবন উৎসর্গ করেন, এবং আমরা সবাই টমাস জে. কন্সর্টের বীরত্ব এবং আত্মত্যাগের জন্য তার কাছে খণী," **গভর্নর হোকল বলেন।** "বিধিমালাটি একজন বীর নিউ ইয়র্কবাসীর লিগেসি যাতে আসন্ন প্রজন্মের দেখার জন্য টিকে থাকে তা নিশ্চিত করে তাকে সম্মান জানায়।"

ট্রুপার টমাস জে. কন্সর্ট 1963 সালের 7 মার্চ, নিউ ইয়র্কের ওশানসাইডে জন্ম গ্রহণ করেন। নিউ ইয়র্কের পোর্ট জেফারসন স্টেশনের কমসেয়োগ হাই স্কুল (Comsewogue High School) পাশ করার পর তিনি 1985 সালে নিউ ইয়র্ক স্টেট পুলিশ একাডেমির (New York State Police Academy) বেসিক স্কুলে প্রশিক্ষণ সম্পূর্ণ করেন। প্রথমে তাকে ট্রুপ কেতে নিয়োগ দেওয়া হয়, এবং পরবর্তীতে তার স্ত্রী ও পুত্রের কাছে থাকার জন্য ট্রুপ এলে বদলি করা হয়। 1986 সালের মে মাসে ট্রুপার কন্সর্টের সবথেকে স্মরণীয় মুহূর্ত আসে, যখন তিনি সাফোক কাউন্টির একজন পুলিশ অফিসারকে গুলি করা ব্যক্তিকে গ্রেফতারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। তিনি 1987 সালের 23 নভেম্বর, নিউ ইয়র্কের রিভারহেডে একটি মোটরযান দুর্ঘটনায় পুলিশ হিসেবে কাজ করার সময় একটি গাড়ির ধাক্কা খান।

নিউ ইয়র্ক স্টেট সিনেটর অ্যান্থনি পল্যান্সো বলেন, "ট্রুপার টমাস জে. কন্সর্টের সম্মানে লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ের রুট 25 এর নাম পরিবর্তন সম্ভাবনাময় একজন তরুণ ট্রুপার, যিনি তার সম্প্রদায়ের সেবায় প্রাণ হারান, তার জীবন এবং চাকরিকে সম্মান জানানোর জন্য উপযুক্ত। পরিবর্তিত নামের ব্রিজটি তার লিগেসির এবং একই সাথে ইউনিফর্ম পরার ফলে আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা যে সহজাত ঝুঁকি ও বিপদের সম্মুখীন হয় তার সাক্ষ্যস্বরূপ। আমাদের সম্প্রদায়সমূহকে সুরক্ষিত রাখতে ও সেবা প্রদান করার জন্য

আমরা আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পুরুষ ও মহিলাদের যথেষ্ট ধন্যবাদ জানিয়ে শেষ করতে পারবো না।"

অ্যাসেম্বলিমেন্টার জোডি জিজিলো বলেন,"গত 100 বছরে লং আইল্যান্ডে আমরা দায়িত্বরত অবস্থায় 16 জন ট্রুপারকে হারিয়েছি। টমাস ট্রুপার এন্ড অফ ওয়াচ (End of Watch, EOW) 11/23/1987 তারিখে আসছে। তিনি 2 বছর সেবা প্রদান করেন এবং এরপর তিনি রাস্তার পাশে ধাক্কা খান যেখানে তিনি দুর্ঘটনার শিকার ব্যক্তিদের রক্ষা করার জন্য একটি ব্যস্ত রোডওয়েতে ফ্লোর বসেছিলেন। যখন এই দুঃখজনক স্মৃতি ঘনিয়ে আসছে, তার ও তার পরিবারের জন্য আমরা দুঃখী। স্টেটের অনেক ব্রিজ, টানেল এবং রোডওয়ের মধ্যে, তার দুর্ঘটনাস্থলের নাম পরিবর্তন অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418